## শৈলকুপা উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির ডিসেম্বর/২০২১ মাসের দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ জাহিদুন্নবী কালু
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
সভার তারিখ ঃ ২৮/১২/২০২১ খ্রিঃ।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
সময় ঃ সকাল ১১:০০ ঘটিকা।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি মহোদয়ের অনুরোধ ক্রমে সদস্য সচিব, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নিম্নে উল্লেখিত আলোচ্যসূচী উপস্থাপন করেন ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচীঃ-
০১। নভেম্বর/২০২১ মাসের আইন শৃংখলা বিষয়ক সার্বিক পর্যালোচনা।
০২। মাদক নির্মূল ও পুনর্বাসন সংক্রান্ত আলোচনা।
০৩। অন্যান্য বিষয়ে আলোচনা।

### সিদ্ধান্ত সমূহ

আলোচনা "০১" নভেম্বর/২০২১ খ্রিঃ মাসের আইন-শৃংখলা বিষয়ক পর্যালোচনাঃ- সভাপতি মহোদয় বিগত নভেম্বর/২০২১ খ্রিঃ মাসের সার্বিক আইন-শৃংখলা বিষয়ে জানতে চাইলে সভায় উপস্থিত উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শৈলকুপার সার্বিক আইন-শৃংখলা বিষয়ক চিত্র তুলে ধরেন।
কাঁচেরকোল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয় জানান যে, তার ইউনিয়নে আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। বড় ধরনের কোন সমস্যা নেই। ছোট-খাটো সমস্যা অফিসার ইনচার্জ, শৈলকুপা থানার সাথে আলোচনা/পরামর্শক্রমে সমাধান করে থাকেন। দেশ ব্যাপী মাদক বিরোধী অভিযানকে ধন্যবাদ জানান। দেশকে মাদকমুক্ত করার জন্য যে পরিকল্প গ্রহণ করা হয়েছে তিনি তার সফল বাস্তবায়ন চান। চেয়ারম্যান, ত্রিবেনী ইউনিয়ন পরিষদের উদ্ধৃতিতে তাঁর ইউনিয়নে আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। মাদক মোটামুটি নিয়ন্ত্রণে আছে। উমেদপুর ইউনিয়নে পুলিশি তৎপরতার কারনে আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। শৈলকুপা প্রেস ক্লাব এর প্রতিনিধি জানান যে, এ আইন-শৃংখলা পরিস্থিতি ভালো রয়েছে। মাদক যে স্থানে সরবরাহ করা হয় সে সব স্থান ও মাদকের সাথে জড়িত ব্যক্তিদের উপর নজর রাখলে ভালো হয়।

সভায় সভাপতি মহোদয় জানান যে, সরকার মাদকের বিরুদ্ধে যথাযথ পদক্ষেপ নিয়েছেন। মাদকের কারণে অনেক সংসার ধ্বংস হয়ে যাচ্ছে। মাদকাসক্তদের মাদক থেকে মুক্ত করে যথাযথ পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। তিনি আরো বলেন যে বর্তমান সরকার মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা করেছেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ জাহিদুন্নবী কালু)
সভাপতি
আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটি ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং-৪৪.০৩.৪৪৮০.০০৪.০০০.০৩.২১-১২৬ তারিখঃ-২৮/১২/২০২১ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলোঃ
০১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
০৪। জনাব ............................................, চেয়ারম্যান ................................... ইউনিয়ন ও সদস্য, আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটি, শৈলকুপা, ঝিনাইদহ।
০৫। অফিস কপি।

২৮/১২/২১
(মোসাঃ রোকেয়া খাতুন)
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
শৈলকুপা, ঝিনাইদহ।

শৈলকুপা উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির ডিসেম্বর/২০২১ মাসের দ্বি-মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১ | মোঃ জাহিদুন্নবী কালু | সভাপতি | |
| ০২ | মোঃ মতিয়ার রহমান বিশ্বাস | সদস্য | |
| ০৩ | এ্যাড. সালাহ্উদ্দিন জোয়ার্দার (মামুন) | সদস্য | |
| ০৪ | মোঃ শাহাবুদ্দিন সাবু | সদস্য | |
| ০৫ | মোসাঃ রোকেয়া খাতুন | সদস্য সচিব | ২৮/১২/২১ |

সভার তারিখঃ ২৮/১২/২০২১ খ্রিঃ।

উপজেলাঃ শৈলকুপা, জেলাঃ ঝিনাইদহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং-৪৪.০৩.৪৪৮০.০০৪.০০০.০৩.২১- ১২৯

তারিখঃ- ২৬/১২/২০২১ খ্রিঃ।

# নোটিশ

এতদ্বারা শৈলকুপা উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সদস্যবৃন্দের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আগামী ২৮/১২/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ডিসেম্বর/২০২১ মাসের দ্বি-মাসিক সভা 'উপজেলা পরিষদ সভাকক্ষে' আহবান করা হয়েছে।

উক্ত কমিটির একজন সম্মানিত সদস্য হিসাবে আপনাকে যথাসময়ে সভায় অংশগ্রহনের জন্য অনুরোধ করা হলো।

২৬/১২/২১
(মোসাঃ রোকেয়া খাতুন)
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
শৈলকুপা, ঝিনাইদহ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

০১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
০৪। জনাব ................................................, চেয়ারম্যান ........................................ ইউনিয়ন ও সদস্য, আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটি, শৈলকুপা, ঝিনাইদহ।
০৫। অফিস কপি।

২৬/১২/২১
(মোসাঃ রোকেয়া খাতুন)
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
শৈলকুপা, ঝিনাইদহ।